কোন রুমে রাখবেন কোন আসবাব

আপনার ফ্ল্যাটের ইন্টেরিয়রের ক্ষেত্রে যোগ করুন নান্দনিকতার নতুন মাত্রা। হাতিলের আসবাব দিয়েই আপনি সাজাতে পারেন আপনার পুরো ফ্ল্যাটটি...
লিখেছেন **জব্বার হোসেন**

স্কয়ার ফিটের হিসাবেই এখন বসবাস করছি আমরা। নিজের ছোট ফ্ল্যাটটিকে এখন মানুষ সাজাতে চায় তার মনের মতো করে, গড়ে তুলতে চায় এক স্বপ্নপুরি। কিন্তু সেই স্বপ্ন পূরণে সাধ আর সাধ্যের সমন্বয় ঘটাতে তাকে রীতিমত হাঁপিয়ে উঠতে হয়। ঘর সাজাতে কাঠের বিকল্প কাঠই। কাঠের আভিজাত্য, সৌন্দর্য, স্থায়িত্ব সবকিছু মিলিয়ে চিন্তা করলে এখনো কাঠের বিকল্প হিসেবে খুব কম বিষয়কেই দাঁড় করানো যাবে। আসবাব তৈরির ক্ষেত্রে বাংলাদেশে ইতিমধ্যেই ‘হাতিল কমপ্লেক্স’ একটি অবস্থান তৈরি করে নিয়েছে। আসবাব তৈরিতে ড্রয়িং রুম থেকে শুরু করে কিচেন, বাথ পর্যন্ত সব আসবাবই তৈরি করছে হাতিল। বাড়ির দরজা, দরজার ফ্রেমটিও বাদ পড়ছে না এই তালিকা থেকে। হাতিলের

উডেন ডেকোরেটিভ সোফায় বদলে দিতে পারেন বসার ঘরের চেহারা

রয়েছে নিজস্ব ডিজাইনারস্ গ্রুপ। বেসরকারি পর্যায়ে মেকানিক্যাল ডিজাইনিং প্ল্যান্ট রয়েছে প্রতিষ্ঠানটির।

ইন্টেরিয়রের ক্ষেত্রে আপনি ইচ্ছে করলে হাতিল সামগ্রী দিয়েই আপনার পুরো ফ্ল্যাটটিকে সাজিয়ে তুলতে পারেন। সলিড কাঠ ছাড়াও কাঠের সঙ্গে বিভিন্ন ম্যাটেরিয়ালের কম্বিনেশনে হরেক রকম ডিজাইনের আসবাব রয়েছে। সেখান থেকে আপনি অনায়াসেই আপনার পছন্দমত ডিজাইনটি বেছে নিতে পারেন।

ড্রয়িং রুমের ক্ষেত্রে হাতিলের রয়েছে বিভিন্ন ডিজাইনের সোফা, শোকেস, ফোন সিটার. ফটো অ্যান্ড শোপিস স্ট্যান্ড। সলিড কাঠ ছাড়াও স্টেইনলেস স্টিলের সঙ্গে কাঠের এবং রটের সঙ্গে কাঠের কম্বিনেশনেও এই আসবাবগুলো পাওয়া যাবে। স্টেইনলেস স্টিলের সঙ্গে কাঠের সমন্বয়ে ডিজাইনের ক্ষেত্রে হাতিল এক নতুন শিল্পমাত্রা যোগ করেছে। স্থায়িত্বের দিক থেকেও এটা দীর্ঘস্থায়ী। এতে চুম্বক আকর্ষণ করে না, মরচে পড়ার বিষয়টিও নেই, রঙটাও নষ্ট হয় না। স্টেইনলেস স্টিল ও কাঠের কম্বিনেশনে সেন্টার টেবিলসহ বড় সোফার দাম পড়বে ৫৮,০০০ টাকা, একই কম্বিনেশনে শোকেস ১৯,৫০০ টাকা এবং টেলিফোন সিটারের দাম ১০,০০০ টাকা। রট ও কাঠের কম্বিনেশনে লন সোফা ২০,৫০০ টাকা।

ড্রয়িং রুমে রাখতে পারেন কর্ণার শোকেস

কোথায় পাবেন হাতিলের আসবাব

- **হাতিল কমপ্লেক্স**
১২৪৩ পূর্ব মনিপুর, রোকেয়া স্মরণী, মিরপুর, ঢাকা, ফোন : ৯০০০০৭৩, ৯০০২২২৫, ৮০১৯৪৯৯
- **উত্তরা :** বাড়ি # ২০, রোড # ৬, সেক্টর-১, উত্তরা, ফোন- ৮৯২১৭৯৯
এ ছাড়া ঢাকার বাইরে রাজশাহী, খুলনা, সিলেট ও কুমিল্লায় পাবেন হাতিলের ডোর ও ফ্লাশ ডোর সামগ্রী।
- **রাজশাহীতে :** টাইলস ভিউ, মিয়াপাড়া, সাহেব বাজার, রাজশাহী।
ফোন- ০৭২১-৭২১১৬১।
- **কুমিল্লাতে :** মেসার্স আর কে এন্ড সন্স, বাদুরতলা, কুমিল্লা। ফোন ০৮১-৬৫৪০৭।
- **সিলেটে :** নাদিরা ট্রেড সেন্টার, ফরহাদ খাঁ পুল, শিবগঞ্জ, সিলেট। ফোন ০১১৬৩০৪৬৪, ০৮২১-৭১৭৩১৭
কনস্ট্রাকশন ম্যাটেরিয়াল ট্রেড সেন্টার। ইলেকট্রিস সাপ্লাই রোড আম্বরখানা সিলেট। বাড়ি # ১, ব্লক # ডি, মেইন রোড, শাহজালাল, উপশহর, সিলেট।
ফোন ০৮২১-৭২১০৩২

বেড রুম সামগ্রীর মধ্যে রয়েছে বিভিন্ন ধরনের বেড, ড্রেসিং টেবিল, রকিং চেয়ার, ওয়্যারড্রব, কর্নার চেয়ার ইত্যাদি। সলিড কাঠ ছাড়াও স্টেইনলেস স্টিল ও কাঠের কম্বিনেশনে বেড পাবেন ২৮,০০০ টাকায়। ডেসিং টেবিল একটি সিটারসহ ২৩,০০০ টাকা, ওয়্যারড্রব ৪৭,০০০ টাকা এবং চমৎকার রকিং চেয়ার পাবেন ৭,১০০ টাকায়। রট ও কাঠের কম্বিনেশনে বেড ১৫,০০০ টাকায়, ২টি চেয়ার ১টি টেবিলের কর্নার চেয়ার সেট ৮,৫০০ টাকা। আবার মাত্র ১০,২০০ টাকায়ও বেড পেতে পারেন। ভিনিয়ার বোর্ডে মাত্র ১৬,০০০ টাকায় চমৎকার ওয়্যারড্রব পাবেন। চাপালিস কাঠে ওয়্যারড্রব

পাবেন মাত্র ২৮,০০০ টাকায়। দোলনা পাবেন রট ও কাঠের কম্বিনেশনে ২১,৭০০ টাকায়। বেত ও কাঠের ডিজাইনে বেশ কিছু বেড রয়েছে। স্টেইনলেস স্টিল ও কাঠের কম্বিনেশনে রয়েছে নতুন ডিজাইনের নক্ ডাউন বেড, যার প্রতিটি অংশই টুকরো টুকরো করে ভাঁজ করা যায়। এর দাম পড়বে ১৪,০০০ টাকা। এছাড়া বেডরুমের জন্য ভিনিয়ার বোর্ড ও কাঠের কম্বিনেশনে কম্পিউটার টেবিল পাবেন মাত্র ৩,৬০০ টাকায়।

ড্রয়িং কাম ডাইনিংয়ে রাখুন শোপিস স্ট্যান্ড

ডাইনিং রুমের জন্য পাবেন বিভিন্ন ধরনের ডাইনিং টেবিল, টি-ট্রলি, কফি, চা টেবিল, বার কেবিনেট ইত্যাদি। ছোট ডাইনিং টেবিলের দাম পড়বে ১৫,৫০০ টাকা। স্টেইনলেস স্টিল ও কাঠের কম্বিনেশনে দাম পড়বে ২২,৫০০ থেকে ৫৪,৭০০ টাকা। রড ও কাঠের কম্বিনেশনে চার চেয়ারের ডাইনিং পাবেন মাত্র ২৮,০০০ টাকায়। চা/কফি টেবিল ১১,৫০০ টাকা। টি-ট্রলি পাবেন ৮,৫০০ টাকায়। এ ছাড়া চমৎকার মিনি বার কেবিনেট করার সুযোগ করে দিচ্ছে হাতিল।

কিচেনের ওয়াল কেবিনেট এবং বেস কেবিনেটও করে থাকে হাতিল। আপনার জন্য বিকল্প হিসেবে রয়েছে প্লাস্টিক উড, লেমিনেশন বোর্ড এবং সলিড উডের মধ্যে থেকে বেছে নেয়ার সুযোগ। ছোট একটি ফ্ল্যাটের পুরো কিচেন কেবিনেট করে দেবে হাতিল মাত্র ২৫,০০০ টাকায়। অবশ্য ডিজাইন ও আয়তন ভেদে এ দাম বাড়বে।

কেবিনেট ছাড়াও কিচেনের জন্য বেশ কিছু আসবাব রয়েছে। এসএস পাইপ অর্থাৎ স্টেইনলেস স্টিলে। পাবেন প্লেট সেল্ফ, ফুড রেক, ভেজিটেবল রেক ইত্যাদি।

এছাড়াও আপনি পাবেন ফ্ল্যাশ ডোর, সলিড ডোর এবং ডোর ফ্রেম। প্রায় ২২ ধরনের ডিজাইন ফ্ল্যাশ ডোর রয়েছে। উন্নত প্রযুক্তির 'হানি কম্ব' ব্যবহারের কারণে ফ্ল্যাশ ডোরগুলোর ভেতর ফাঁপা নয়। সলিড ডোরের ক্ষেত্রেও রয়েছে প্রায় ৭০/৭২টি নিজস্ব ডিজাইন। ১০০ ভাগ মেকানিক্যাল সিজনড হবার কারণে এর স্থায়িত্ব অন্য যে কোনো সলিড ডোরের চেয়ে দীর্ঘস্থায়ী। ডোর ফ্রেমের ক্ষেত্রে প্লেইন ডোরের দামেই ডেকোরেটিভ ডোর পাওয়া সম্ভব।

ফার্নিচার ও ডোরের ক্ষেত্রে হাতিল নিয়ে এসেছে নতুন প্রযুক্তি পলি ইথিলিন ল্যাকার, যা একই সঙ্গে ওয়াটার প্রুফ ও ফায়ার রিট্রেইন্ড করে। সাধারণ পলিসের চেয়ে এটা থাকেও দীর্ঘদিন, মসৃণতা বেশি আর পলিসের ভেরিয়েশনও অনেক।

বেডরুম বা স্টাডি রুমে রাখুন কম্পিউটার টেবিল

মাস একটিভেটিস